



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা
DEPUTY HIGH COMMISSION FOR THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH, KOLKATA



বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা প্রেস বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী
বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং
বাংলাদেশ-ভারত মৈত্রীর ৫০ বছর পূর্তি উদযাপন

কলকাতা, ১১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, শনিবার:

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এম.পি. বলেছেন, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশের অর্জন ভারতকেও গর্বিত করবে। ভারতের জনগণও অনুধাবন করবেন ১৯৭১ সালে তাদের সহযোগীতা বৃথা যায়নি। আজ বাংলাদেশ উপ-হাইকমিশনে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা ফ্রেন্ডস অব বাংলাদেশ-এর সহযোগিতায় মেজর (অবঃ) এ.এস.এম শামসুল আরেফীন কর্তৃক সম্পাদিত “Bangladesh @ 50” এবং শ্রী সত্যম রায় চৌধুরী কর্তৃক সম্পাদিত “Bangabandhu for you” শীর্ষক দুইটি বই এর মোড়ক উন্মোচন, আলোচনা অনুষ্ঠান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এম.পি. আরো বলেন তবে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র থেমে নেই। দেশে-বিদেশে এখনো শেখ হাসিনা সরকারকে বাধাচ্যুত করার নানা অপচেষ্টা চলছে।

অনুষ্ঠানের সম্মাননীয় অতিথি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী শিক্ষা এবং প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রত্নমন্ত্রী, ছমায়ূন কবীর মনে করেন এই দুই বই আগামী বছরের গবেষণাসহ নানা কাজে রেফারেন্স হিসাবে কাজে লাগবে।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা, লেখক ও গবেষক মেজর (অবঃ) এ.এস.এম শামসুল আরেফীন, ফ্রেন্ডস অব বাংলাদেশ এর সহ-সভাপতি শ্রী সত্যম রায়চৌধুরী, বিবেকানন্দ ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন এর সিনিয়র ফেলো ড. শ্রীরাধা দত্ত, বাংলাদেশ মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননাপ্রাপ্ত বিশিষ্ট সাংবাদিক শ্রী মানস ঘোষ ও কলকাতা প্রেসক্লাব এর সভাপতি শ্রী শ্বেহাশিষ সূর। মান্যবর উপ-হাইকমিশনার জনাব তৌফিক হাসান স্বাগত বক্তব্য রাখেন।

বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক গৌতম ঘোষ সভায় সভাপতিত্ব করেন।

মিজ শামীমা ইয়াসমীন স্মৃতি, প্রথম সচিব (রাজনৈতি-১) এবং দূতালয় প্রধান এর সঞ্চালনায় অনুষ্ঠানটি পরিচালিত হয়।

মাস্ক পরিধান করে এবং যথাযথ সামাজিক দূরত্ব বিধি মেনে অনুষ্ঠানটি পরিচালিত হয়।

